

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড



ফোন :
অফিস : ৯৫৫৫১৩৩
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং-পাউবো(সচি)/অহিনি/আসু-১১৪/৯৪/১০১


তারিখ : ০২-০৯-২০২০ খ্রিঃ।

“সার্কুলার”

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবসরগামী কর্মকর্তা/কর্মচারীগণের বোর্ডের বিভিন্ন দপ্তর বা বিভাগে কর্মকালীন অনিষ্পন্ন অডিট আপত্তির সাথে সংশ্লিষ্টতা আছে কি না, তা জানতে চেয়ে বোর্ডের অডিট পরিদপ্তর হতে পত্র লেখা হলে অনেকাংশে লক্ষ্য করা যাচ্ছে, সংশ্লিষ্ট দপ্তর বিলম্বে জবাব প্রদান করছে। এ বিলম্বের ফলে অবসরগামী কর্মকর্তা/কর্মচারীগণের অবসরোত্তর আর্থিক সুবিধা মঞ্জুরে জটিলতার সৃষ্টি হচ্ছে। ইতোমধ্যে অর্থ মন্ত্রণালয় হতে স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.০০২.১৮-০৮ তারিখ : ০৬/০২/২০২০ খ্রিঃ মূলে “সরকারী কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০” নামে একটি প্রজ্ঞাপন জারী করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনে অবসরগামী কর্মকর্তা/কর্মচারীগণের একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে পেনশন মঞ্জুরের জন্য নির্দেশনা রয়েছে।

২। এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়ের উক্ত প্রজ্ঞাপনের মাধ্যমে জারীকৃত নির্দেশনাবলী যথাযথভাবে প্রতিপালনের লক্ষ্যে বোর্ডের অডিট পরিদপ্তরের নির্ধারিত চাহিদা অনুযায়ী অনিষ্পন্ন অডিট আপত্তির সাথে অবসরগামী কর্মকর্তা/কর্মচারীর সম্পৃক্ততা আছে কিনা তা সুস্পষ্টভাবে নিশ্চিতকরণের জন্য মাঠ পর্যায়ের সকল দপ্তরকে অনুরোধ করা হলো। অধিকন্তু অডিট আপত্তির সাথে কোন কর্মকর্তা/কর্মচারীর সংশ্লিষ্টতা থাকলে তা নিষ্পত্তির নিমিত্ত অতীব দ্রুততার সাথে ব্রডসীট জবাব এবং প্রয়োজ্য ক্ষেত্রে দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বোর্ডের অডিট পরিদপ্তরে কার্যপত্র প্রেরণ নিশ্চিত করার জন্যও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৩। বোর্ডের মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোঃ মুজিবুর রহমান)
সচিব


৯৬ বাপাউবো, ঢাকা।

স্মারক নং-পাউবো(সচি)/অহিনি/ আসু-১১৪/৯৪/১০১/১(২০০)

তারিখ : ০২-০৯-২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/প্রধান(সকল) -----, বাপাউবে, -----।
- ২। নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা/প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
- ৩। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক(সকল)-----, বাপাউবো-----।
- ৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৫। উপ-সচিব(সকল) -----, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
- ৬। নিবাহী প্রকৌশলী (বিভাগীয় সকল) -----, বাপাউবো, -----।
- ৭। সিস্টেম এনালিস্ট, চীপ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮। উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার, -----আঞ্চলিক হিসাব কেন্দ্র(সকল), বাপাউবো, -----।
- ৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (-----)/সচিব, বাপাউবো, ঢাকা।


(শেখ মাসুদুল হক) ০২/০৯/২০২০

উপ-সচিব(অর্থ), বাপাউবো, ঢাকা।

ফোনঃ ৯৫১৪৩১৯